

প্রি - ম্যাট্রিক এবং পোস্ট - ম্যাট্রিক (SC/ST/OBC) স্কলারশিপ (OASIS) সংক্রান্ত নিয়মাবলী/নির্দেশাবলী

- আবেদনকারী oasis.gov.in পোর্টালে সমস্ত তথ্য সঠিক ভাবে পূরণ করে অনলাইনে ফর্ম সাবমিট করবেন। কোনও Cyber/Internet Café বা 'তথ্য মিত্র কেন্দ্র' বা 'বাংলা সহায়তা কেন্দ্র' থেকে ফর্ম পূরণ করা হলে আবেদনকারী নিজ দায়িত্বে নিশ্চিত হবেন যে সমস্ত তথ্য সঠিক ভাবে দেওয়া হয়েছে।

অনলাইনে ফর্ম ফিল আপ করার আগে আবেদনকারী নিম্নলিখিত বিষয় গুলি সম্পর্কে নিশ্চিত হবেন -

ক) আবেদনকারীর একটি মোবাইল নম্বর লাগবে যেটি চালু অবস্থায় থাকবে এবং Course কমপ্লিট হওয়া পর্যন্ত সেটি আবেদনকারীর কাছেই থাকবে। এই নম্বর দিয়ে অনলাইনে Registration/Renewal হবে এবং আবেদনপত্র Submit অর্থাৎ verify করে lock করতে হবে। এক্ষেত্রে উল্লেখ্য Registration ID এবং Password আবেদনকারী নিজের কাছে রাখবেন এবং সযত্নে সংরক্ষণ করবেন।

খ) আবেদনকারীর কাছে তার পারিবারিক আয়ের নিরিখে যথাযথ কর্তৃপক্ষের (Municipality এলাকার ক্ষেত্রে Chairman/Executive Officer/Finance Officer অথবা Block এলাকার ক্ষেত্রে BDO/Joint BDO/পঞ্চগয়েত সমিতির সভাপতি অথবা সংশ্লিষ্ট বিধায়ক/সাংসদ অথবা কোনো সরকারি আধিকারিক) কাছে থেকে পাওয়া শংসাপত্র (Income certificate) নেবেন। অনলাইনে আবেদন করার সময় এই Income certificate টি Upload করতে হবে এবং আবেদনপত্রের সাথে জমা করতে হবে।

গ) আবেদনকারীর নিজের আধার, মাধ্যমিকের অ্যাডমিট কার্ড/জন্ম সার্টিফিকেট, জাতিগত শংসাপত্র (SC/ST/OBC সার্টিফিকেট) এবং বিগত পরীক্ষার মার্কশিট লাগবে। জাতিগত শংসাপত্রে এবং আধার কার্ডে এবং বিদ্যালয়ের শংসাপত্রে (Banglar Sikhsha Portal)/মাধ্যমিকের অ্যাডমিট কার্ডে আবেদনকারীর নামের বানান সম্পূর্ণ ভাবে একরকম থাকতে হবে; আধার কার্ডে এবং জন্ম সার্টিফিকেট/মাধ্যমিকের অ্যাডমিট কার্ডে আবেদনকারীর জন্ম তারিখ সম্পূর্ণ ভাবে একরকম থাকতে হবে; আধার কার্ডে এবং অনলাইন আবেদনপত্রে আবেদনকারীর Gender এক হতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল হবার/স্কলারশিপের অনুদান না পাবার সম্ভাবনা।

আবেদনপত্র Online Submit হলে নির্দিষ্ট সময়ের মধ্যে নিজের Institution (School/College/University) এর Nodal Teacher বা ভারপ্রাপ্ত শিক্ষক/শিক্ষাকর্মীর কাছে নিম্নলিখিত ডকুমেন্টগুলি ক্রমানুযায়ী জমা করতে হবে -

- Acknowledgement Slip এবং Online Application (১ কপি পাসপোর্ট সাইজ ছবি সহ)
- আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রযোজ্য সকলের স্বাক্ষর করতে হবে (আবেদনকারীর নিজের ও অভিভাবকের স্বাক্ষর, তারিখ, নাম এবং সই ও সীল সহ আয়ের শংসাপত্র প্রদানকারীর বিবরণ। কোনো একটি স্থানে স্বাক্ষর না করা থাকলে আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে।)
- AADHAR Card and Khadhyasathi Card
- SC/ST/OBC Certificate (সার্টিফিকেট manual বা হাতে লেখা থাকলে অনলাইন নাম্বার সহ একটি প্রিন্ট আউট কপি দিতে হবে। <https://castcertificatewb.gov.in/> -> Applicant -> Check Certificate অপশন থেকে ডিজিটাল নাম্বার পাওয়া যাবে।)
- First Page of Bank Passbook (আবেদনকারী নিজে নিশ্চিত হবেন যে তার নিজের ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বরটি সঠিক ও অ্যাকাউন্ট সচল রয়েছে এবং ব্যাঙ্ক অ্যাকাউন্টটির সাথে AADHAR Seeding ও NPCI Mapping হয়ে রয়েছে।)
- M.P. Admit Card/Birth Certificate (জন্ম তারিখের প্রমাণ স্বরূপ)
- Income Certificate (নির্দিষ্ট ও যথাযথ কর্তৃপক্ষের কাছ থেকে বর্তমান বছরে issue হতে হবে)
- Admission Slip for Present Class/School Certificate and Copy of Marksheet/Score Card of Last exam passed
- Certificate by Hostel Superintendent and Head of the Institution (যারা হস্টেলে থাকে এবং তার charges claim করবে তাদের ক্ষেত্রে প্রযোজ্য। এক্ষেত্রে Hostel Certificate-এ সংশ্লিষ্ট হস্টেলে Admission নেওয়ার দিন এবং fees/charges সুস্পষ্ট ভাবে উল্লেখ থাকতে হবে।)

বিশেষ দ্রষ্টব্য -

- ক) আবেদনপত্রের সাথে উপরে উল্লিখিত ডকুমেন্ট গুলির কোনো একটি/একাধিক কপি না থাকলে আবেদনপত্র বাতিল হবে/হতে পারে।
- খ) আবেদনকারীর নিজের সুবিধার জন্য Acknowledgement Slip এবং Online Application-সহ সমস্ত নথিগুলির এক সেট কপি নিজের কাছে রেখে দেবেন।

গ) Acknowledgement Slip এ উল্লিখিত Application ID - র মাধ্যমে oasis.gov.in > Track an application > select district > application ID এবং Academic Year দিয়ে আবেদনকারী নিজেই জানতে পারবেন তার Application টি বর্তমানে কি অবস্থায় রয়েছে। Verification process শুরু হয়ে যাবার পর কোনো application Institute level এ Pending দেখালে বা Defected অবস্থায় থাকলে সংশ্লিষ্ট Nodal Teacher এর সাথে যোগাযোগ করতে হবে এবং Block/Municipality level এ Pending দেখালে সংশ্লিষ্ট Nodal Teacher এর মাধ্যমে Block/Municipality এর ভারপ্রাপ্ত আধিকারিকের সাথে যোগাযোগ করতে হবে।